কালের কণ্ঠ

তারিখ 27 DEC 2017
পৃষ্ঠা 2 কলাম 6

# গার্হস্থ্য অর্থনীতি কলেজের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদভুক্ত গার্হস্থ্য অর্থনীতি কলেজগুলোর ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অনলাইন ভর্তি অফিসে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশ করেন। ফল প্রকাশ অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, জীববিজ্ঞান অনুষদের ডিন ও পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ এবং গার্হস্থ্য অর্থনীতি কলেজগুলোর অধ্যক্ষরা উপস্থিত ছিলেন।

গত ১৫ ডিসেম্বর অনুষ্ঠিত এই ভর্তি পরীক্ষায় পাঁচ হাজার ৮৬৯ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে পাঁচ হাজার ২৭৪ জন উত্তীর্ণ হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত গার্হস্থ্য অর্থনীতি কলেজগুলোয় মোট আসনসংখ্যা রয়েছে দুই হাজার ৪৭৫টি। পরীক্ষার ফলাফল admission.eis.du.ac.bd ওয়েবসাইট থেকে পাওয়া যাবে। এ ছাড়া মোবাইল ফোন থেকে DU GOC<roll no> টাইপ করে ১৬৩২১ নম্বরে এসএমএস করে ফল জানা যাবে।

ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ৩১ ডিসেম্বর থেকে ৭ জানুয়ারি পর্যন্ত ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের কোটার ফরম একই তারিখের মধ্যে জীববিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে পূরণ করে জমা দিতে হবে।